**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪২/২০১৭**

**ঢাকা, সোমবার ২৭ ফেব্রুয়ারি ২০১৭, ১৫ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বগুড়ার সান্তাহারে দেশের প্রথম সৌরচালিত খাদ্যগুদাম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সরকারের ধারাবাহিকতা প্রয়োজন : প্রধানমন্ত্রী

৩। আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ২০ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

৪। সাভারে চামড়া শিল্প স্থানান্তর করতে হবে জুনের মধ্যেই : বাণিজ্যমন্ত্রী

৫। প্রজাতন্ত্রের কর্মচারীদের নিরাপত্তা আইন হচ্ছে : জনপ্রশাসনমন্ত্রী

৬। মোবাইল ফোনে পরিবারের সঙ্গে বন্দিদের কথা বলার সুযোগ তৈরি হচ্ছে : কারা সপ্তাহ উদ্‌যাপন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। গ্রাম্য সালিশের নামে অমানবিক সাজা বন্ধে কঠোর আইনী ব্যবস্থা নেওয়া হবে : আইনমন্ত্রী

৮। ড্যাপ দ্রুত বাস্তবায়নের তাগিদ এলজিআরডি মন্ত্রীর

৯। এলপিজি জ্বালানি নিরাপত্তায় বিশেষ অবদান রাখবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

১০। শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় প্রকৌশলী ও ঠিকাদারসহ চারজনের ১০ বছর কারাদণ্ড

চলমান পাতা-২

১। **বগুড়ার সান্তাহারে দেশের প্রথম সৌরচালিত খাদ্যগুদাম উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার বগুড়ার সান্তাহারে ২৫ হাজার মেট্রিক টন খাদ্য শস্য ধারণ ক্ষমতাসম্পন্ন মাল্টিস্টোরিড ওয়্যারহাউজ (সাইলো) উদ্বোধন করেছেন। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সহযোগিতায় প্রায় ২৩২ কোটি ৭১ লাখ টাকা ব্যয়ে খাদ্য অধিদফতর এই আধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত সাইলোটি নির্মাণ করে। এটি সৌরশক্তির সাহায্যে পরিচালিত হবে এবং এখানে সারা বছর খাদ্যশস্য মজুদ থাকবে। এই সাইলোটিতে খাদ্যশস্য সারা বছর একটি নিয়ন্ত্রিত তাপমাত্রায় সংরক্ষণ করা সম্ভব হবে বিধায় এতে খাদ্যগুণ অটুট থাকবে। প্রধানমন্ত্রী সাইলোটি ঘুরে দেখেন। এ সময় তিনি বলেন, তার সরকার খাদ্য মজুদ বাড়ানোর জন্য অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে। আগামী ২০২১ সাল নাগাদ দেশ শতভাগ খাদ্য মজুদের সক্ষমতা অর্জন করবে বলেও প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৮)।

২। **উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সরকারের ধারাবাহিকতা প্রয়োজন : প্রধানমন্ত্রী**

সরকারের উন্নয়ন কর্মকাণ্ড এবং জনগণের ভাগ্য উন্নয়নে গৃহীত বিভিন্ন প্রকল্প বিস্তারিত তুলে ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের মানুষ আওয়ামী লীগ সরকারের আমলে শান্তিতে আছে, তাদের অর্থনৈতিক উন্নয়ন হয়েছে, জীবনযাত্রার মান বেড়েছে এবং সব ক্ষেত্রে সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে। এসব অব্যাহত রাখতে আবারও আওয়ামী লীগকে ভোট দিয়ে সরকার গঠন করে দেশ ও জনগণের সেবা করার সুযোগ দেওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার বগুড়ার আদমদীঘি উপজেলার সান্তাহার স্টেডিয়াম মাঠে উপজেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

৩। **আগামী বাজেটের আকার হবে ৪ লাখ ২০ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী**

জাতীয় নির্বাচনকে সামনে রেখে আরও বড় বাজেট প্রণয়নের ঘোষণা দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেছেন, আগামী ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের সম্ভাব্য আকার হবে ৪ লাখ ২০ হাজার কোটি টাকা। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় প্রাক-বাজেট আলোচনা শেষে এ কথা জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

৪। **সাভারে চামড়া শিল্প স্থানান্তর করতে হবে জুনের মধ্যেই : বাণিজ্যমন্ত্রী**

চলতি বছরের জুনের মধ্যে হাজারীবাগ থেকে সাভারের চামড়া শিল্প নগরীতে কারখানা স্থানান্তরের সময় বেঁধে দিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, চলতি বছরের মধ্যে সাভারের চামড়া শিল্প নগরীতে সকল চামড়া শিল্প কারখানা স্থানান্তরিত হবে। এর আগেই চামড়া শিল্প নগরীর অসম্পন্ন সকল কাজ সম্পন্ন করা হবে। শিল্প স্থানান্তরের বিষয়ে শিল্প মালিকদের প্রয়োজনীয় সহায়তা দিচ্ছে সরকার। এ সময়ের মধ্যে রাজধানীর হাজারীবাগ থেকে সাভারের চামড়া শিল্প নগরীতে ট্যানারি স্থানান্তর করা না হলে ব্যবসায়ীদের বড় ধরনের সমস্যায় পড়তে হবে বলেও জানান তিনি। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার রাজধানীর একটি হোটেলে চামড়া ও পাদুকাসহ চামড়াজাত পণ্য নিয়ে 'বর্ষ পণ্য ২০১৭' উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **নিউ এজ বিজসেন পাতা** (পৃ.১,ক.৮), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

৫। **প্রজাতন্ত্রের কর্মচারীদের নিরাপত্তা আইন হচ্ছে : জনপ্রশাসনমন্ত্রী**

জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বলেছেন, জবাবদিহিতামূলক, গণতান্ত্রিক মূল্যবোধসম্পন্ন জনবান্ধব সরকারি সেবা-ব্যবস্থাপনা এবং প্রজাতন্ত্রের কর্মচারীদের আইনসম্মত নিরাপত্তা বিধান নিশ্চিত করতে 'সরকারি কর্মচারী আইন' প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২২তম কার্যদিবসে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৩)।

৬। **মোবাইল ফোনে পরিবারের সঙ্গে বন্দিদের কথা বলার সুযোগ তৈরি হচ্ছে : কারা সপ্তাহ উদ্‌যাপন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বর্তমান সরকার কারা বিভাগের উন্নয়নে সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রেখেছে। যার ফলে আজ এই বিভাগের অনেক আধুনিকায়ন হয়েছে। প্রধানমন্ত্রীর সদিচ্ছায় আজ কারাবন্দিদের মোবাইল/টেলিফোনে পরিবারের সঙ্গে কথা বলার দ্বার উন্মোচিত হচ্ছে। এছাড়াও স্পর্শকাতর



বন্দিদের কারাগার থেকে আদালতে ভিডিও কনফারেন্সিং পদ্ধতিতে বিচার কার্যক্রম চালু করা হচ্ছে। এ ছাড়া কারা প্রশাসন র‍্যাবের সহযোগিতায় বন্দিদের ডাটাবেইজ তৈরি করছে। ফলে আমাদের আইনশৃঙ্খলা ব্যবস্থা আরো এক ধাপ এগিয়ে যাবে। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার কারা সপ্তাহ-২০১৭ উদ্‌যাপন উপলক্ষে গাজীপুরস্থ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার প্রাঙ্গণে আয়োজিত কুচকাওয়াজ পরির্দশন শেষে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫),**অবজারভার** (পৃ.১০,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**৭। গ্রাম্য সালিশের নামে অমানবিক সাজা বন্ধে কঠোর আইনী ব্যবস্থা নেওয়া হবে : আইনমন্ত্রী**

গ্রাম্য সালিশ বা বিচারের নামে প্রকাশ্যে অমানবিক সাজা বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হচ্ছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যাতে না ঘটে এ ব্যাপারে সরকার সচেতন রয়েছে। গ্রাম্য সালিশদার, মেম্বার বা চেয়ারম্যানদের বিরুদ্ধে এ ধরনের অমানবিক সাজা দেওয়ার অভিযোগ পাওয়া গেলে অভিযোগের ভিত্তিতে তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে এসব তথ্য জানান আইন, বিচার ও সংসদবিষয়কমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৫)।

**৮। ড্যাপ দ্রুত বাস্তবায়নের তাগিদ এলজিআরডি মন্ত্রীর**

ডিটেইল্ড এরিয়া প্ল্যান-ড্যাপ দ্রুত বাস্তবায়নের তাগিদ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। তিনি বলেছেন, আধুনিক মানসম্পন্ন ও বসবাস উপযোগী হিসেবে ঢাকাকে গড়ে তুলতে খুব শীঘ্রই ড্যাপ বাস্তবায়ন করা হবে। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ প্রণীত ড্যাপ রিভিউয়ের লক্ষ্যে গঠিত মন্ত্রিসভা কমিটির ১০ম সভায় সভাপতিত্বকালে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, ড্যাপ বাস্তবায়নে ভূমির ব্যবহার পরিবর্তনসংক্রান্ত বিষয়ে পানির চাহিদা ও সরবরাহের বিষয়টি অধিকতর গুরুত্ব প্রদান করতে হবে। তিনি ভূমির শ্রেণি পরিবর্তন সংক্রান্ত আপত্তিগুলোও দ্রুত নিষ্পত্তির তাগিদ দেন। তিনি বলেন, ঢাকা শহরের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ার সাথে সাথে শহরও দ্রুত সম্প্রসারিত হচ্ছে। ড্যাপ বাস্তবায়িত হলে ঢাকা মহানগর অন্যতম বসবাসযোগ্য নগরী হিসেবে পরিণত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

**৯। এলপিজি জ্বালানি নিরাপত্তায় বিশেষ অবদান রাখবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এলপিজি গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার রাজধানীতে '৪র্থ এশিয়া এলপিজি সামিট' এর উদ্বোধনকালে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, আবাসিক খাতে প্রাকৃতিক গ্যাস ব্যবহার না করলে শিল্পে ব্যবহার বাড়ানো যাবে। ফলে কর্মসংস্থানসহ বহুমুখী সুবিধা অর্জন করা সম্ভব হবে। সাশ্রয়ী মূল্যে নির্ভরযোগ্য নিরাপদ জ্বালানি হতে পারে এই এলপিজি। ৭০ ভাগ আবাসিক জ্বালানির চাহিদা এই এলপিজি থেকে পূরণ করার পরিকল্পনা সরকারের রয়েছে বলে উল্লেখ করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১০। শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় প্রকৌশলী ও ঠিকাদারসহ চারজনের ১০ বছর কারাদণ্ড**

রাজধানীর শাহজাহানপুরে রেলওয়ের পরিত্যক্ত পানির পাইপে পড়ে শিশু জিহাদের মৃত্যুর ঘটনায় অবহেলার দায়ে প্রকৌশলী ও ঠিকাদারসহ চার আসামির প্রত্যেককে ১০ বছর করে সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। পাশাপাশি দুই লাখ টাকা জরিমানা, অনাদায়ে এক বছরের কারাদণ্ডও দেওয়া হয়েছে তাদের। ঢাকার ৫ নম্বর বিশেষ জজ ড. মো. আখতারুজ্জামান গতকাল ২৬ ফেব্রুয়ারি রোববার আসামিদের উপস্থিতিতে মামলার রায় ঘোষণা করেন। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** অ্যান্টিবায়োটিকের অযৌক্তিক ব্যবহার বেড়ে যাওয়ায় রোগ নিরাময়ে এর কার্যকারিতা ক্রমে হ্রাস পাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সাধারণ মানুষের অ্যান্টিবায়োটিকের সুচিন্তিত ব্যবহার নিশ্চিত করতে জনগণকে সচেতন করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, প্রথম আলো :** প্রয়োজনের চেয়ে কম ওজন নিয়ে দেশে ২৩ শতাংশ শিশুর জন্ম নেওয়ার পরিপ্রেক্ষিতে পুষ্টি খাতে একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণ করে অপুষ্টিজনিত সমস্যাগুলো নির্মূল করার ব্যবস্থা করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বগুড়ার সান্তাহারে ২৫ হাজার মেট্রিকটন ধারণ ক্ষমতার অত্যাধুনিক বহুতল বিশিষ্ট খাদ্য গুদাম নির্মিত হওয়ার বিষয় তুলে ধরে মানসম্মত খাদ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার দ্বারা খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান।

ঘ. **সমকাল :** সম্প্রতি ঢাকা অ্যাপারেল সামিটে প্রধানমন্ত্রী পণ্য ও ডিজাইনে বৈচিত্র্য এনে নতুন বাজার খোঁজাসহ নানা বিষয়ে যে অভিমত প্রকাশ করেছেন তাকে যথার্থ বলে অভিমত ।

ঙ. **যুগান্তর :** সরকারি কলেজের অবকাঠামো ও শিক্ষক সংকট সমস্যাকে অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট :** সার্টিফিকেটসর্বস্ব শিক্ষার পরিবর্তনে দক্ষতামুখী যুগোপযুগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রশিক্ষণের ওপর গুরুত্ব দিয়ে সম্প্রতি শিক্ষামন্ত্রী যে অভিমত প্রকাশ করেছেন তাকে অত্যন্ত সময়োপযোগী বলে মন্তব্য করে শিক্ষাকে বাস্তব ও কর্মমুখী করে তুলতে সরকারের প্রতি আন্তরিক প্রচেষ্টা চালানোর আহ্বান।

ছ. **ডেইলি সান :** প্যাথলজিস্টবিহীন নিম্নমানের ডায়াগনোস্টিক সেন্টারের রিপোর্টভিত্তিক চিকিৎসায় রোগীদের ভোগান্তির বিষয় তুলে ধরে ওষুধ প্রশাসনকে জনস্বার্থে এ ব্যাপারে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি স্টার :** বাংলাদেশে প্রায় ৬৪ লাখ লোক হতাশাজনিত ও ৬৯ লাখ লোক উদ্বেগজনিত মানসিক সমস্যায় আক্রান্ত থাকার বিষয়টিকে অত্যধিক গুরুত্ব দিয়ে এসব লোকের চিকিৎসায় সব ধরনের সহায়তায় এগিয়ে আসার প্রত্যাশা।

ঝ. **নিউ এজ :** পুরান ঢাকার লালবাগের ইসলামবাগে আবাসিক ভবনে প্লাস্টিক কারখানায় আগুন লাগায় প্রাণহানীর ঘটনা তুলে ধরে নিমতলীর ঘটনার পুনারাবৃত্তি প্রতিরোধে পুরান ঢাকা থেকে সব রাসায়নিক ও প্লাস্টিক কারখানা দ্রুত সরিয়ে ফেলার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে সরকারি স্বাস্থ্যসেবাকে জনগণের কাছে অধিকতর গ্রহণযোগ্য করার জন্য সেবা প্রদানকারীর আচরণ, দক্ষতা ও মননশীলতায় অনেক পরিবর্তন আনতে হবে। এতে সেবার মান বাড়বে ও সেবা প্রদানকারীদের প্রতি জনগণের শ্রদ্ধাবোধ বৃদ্ধি পাবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'টেকসই উন্নয়নের জন্য গ্রিন ইকোনমি'** শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন টেকসই উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সবুজ অর্থনীতি বা গ্রিন ইকোনমি শক্তিশালী ইঞ্জিন হিসেবে কাজ করতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

সাহেলা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা